

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৯৮

১৬/ রক্তপণ (ﷺ । ১৬/ রক্তপণ (ﷺ) পরিচ্ছেদঃ পাথর দিয়ে কারো মাথা চর্ণ করা হলে।

باب مَا جَاءَ فِيمَنْ رُضِخَ رَأْسُهُ بِصَخْرَةٍ .

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، حَدَّتَنَا هَمَّامٌ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنسٍ، قَالَ خَرَجَتْ جَارِيَةٌ عَلَيْهَا أَوْضَاحٌ فَأَخَذَهَا يَهُودِيٌّ فَرَضَخَ رَأْسَهَا بِحَجَرٍ وَأَخَذَ مَا عَلَيْهَا مِنَ لَحُلِيّ. قَالَ فَأُدْرِكَتْ وَبِهَا رَمَقٌ فَأْتِيَ بِهَا النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ " مَنْ قَتَلَكِ الْحُلِيّ. قَالَ فَأُدْرِكَتْ وَبِهَا رَمَقٌ فَأُلِنَ " . حَتَّى سُمِّيَ الْيَهُودِيُّ فَقَالَتْ بِرَأْسِهَا لَا . قَالَ " فَفُلاَنٌ " . حَتَّى سُمِّيَ الْيَهُودِيُّ فَقَالَتْ بِرَأْسِهَا أَىْ نَعَمْ . قَالَ فَأُخْذَنَ " . حَتَّى سُمِّيَ الْيَهُودِيُّ فَقَالَتْ بِرَأْسُهَا أَىْ نَعَمْ . قَالَ " فَفُلاَنٌ " . حَتَّى سُمِّيَ الْيَهُودِيُّ فَقَالَتْ بِرَأْسُهَا أَىْ نَعَمْ . قَالَ فَأُخِذَ فَاعْتَرَفَ فَأَمَرَ بِهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَرُضِخَ رَأْسُهُ بَيْنَ حَجَرَيْنِ قَالَ فَأُخِذَ فَاعْتَرَفَ فَأَمَرَ بِهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَرُضِخَ رَأْسُهُ بَيْنَ حَجَرَيْنِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُو قَوْلُ أَحْمَدُ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لاَ قَوَدَ إِلاَّ بِالسَّيْفِ .

বাংলা

১৩৯৮. আলী ইবনু হজর (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, একটি বালিকা ঘর থেকে বের হয়ে যায়। তার গায়ে ছিল অলংকার। অনন্তর জনৈক ইয়াহুদী তাকে ধরে নিয়ে গিয়ে পাথর দিয়ে তার মাথা চুর্ণ করে দেয় এবং তার অলংকারাদি কেড়ে নেয়। মরনোম্মুখ অবস্থায় ঐ বালিকাটিকে পাওয়া যায়। তখন তাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করলেন, তোমাকে কে হত্যা করেছে? সে কি অমুক? বালিকাটি ইশারায় বলল, না। তিনি বললেন, তবে কি অমুক? এভাবে বলতে বলতে শেষে তিনি ইয়াহুদীটির নাম বললে মেয়েটি মাথা নেড়ে বলল হ্যাঁ। আনাস রাদিয়াল্লাহু আনহু বললেন, এরপর ইয়াহুদীটিকে ধরে আনা হলে স্বীকারোক্তি করল, তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নির্দেশে দুইটি পাথরের মধ্যে রেখে তার মাথাটি চুর্ণ করে দেওয়া হল। - ইবনু মাজাহ ২৬৬৫-২৬৬৬, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৯৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি হাসান-সহীহ। কতক আলিমের এতদনুসারে আমল রয়েছে। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। আর কতক আলিম বলেন, তলওয়ার ছাড়া কিসাস নেই। (উক্ত ঘটনাটি এ বিধান প্রবর্তিত হওয়ার পূর্বের।)



English

Narrated Anas:

that a girl went out in Al-Madinah wearing some silver ornaments. A Jew grabbed her and fractured her head with a stone, and he took the jewelry she had on. He said: "She was found with some spark of life in her, and was brought to the Prophet () and he said: 'Did such and such person strike you?' She nodded 'no' with her head. He said: 'Such and such?' until he named the Jew and she nodded 'yes' with her head." He said: "He was brought and recognized so the Messenger of Allah () ordered that his head be crushed between two stones."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন